

CLASS X

BENGALI

PRACTICE QUESTIONS, 2024-2025

SET - 6

1.A) 'ইসাবের মেজাজ চড়ে গেল' – কখন ইসাবের মেজাজ চড়ে গেছিল? (2)

B) 'তবে কিছু উপদেশ শুনিয়ে যান বিরাগীজি, নইলে আমি শান্তি পাব না।' – বিরাগী বক্তাকে কী কী উপদেশ শুনিয়েছিলেন? (2)

2.A) 'মাসখানেক পরেই কিন্তু চাকরিটি গেল তাঁর।' – মাসখানেক পরে কার চাকরি গেছিল এবং কেন? (3)

B) 'তপন যেন কোথায় হারিয়ে যায় এইসব কথার মধ্যে।' – কোন্ কথার মধ্যে, কেন হারিয়ে যায় তপন? (3)

3. 'একাকারে' কবিতায় 'আজান' ও 'প্রভাতফেরি' শব্দদুটির প্রয়োগ তাৎপর্য বুঝিয়ে দাও। এই কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো। (2+3)

4. সপ্তসঙ্গ ব্যাখ্যা লেখো: (5)

'ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়'

5. A) সন্ধি যুক্ত করো: (1×3=3)

i) পদ্ + হতি ii) শ্রেয়ঃ + কর iii) ষট্+দশ

B) সন্ধি বিচ্ছেদ করো: (1×2=2)

i) উৎকৃষ্ট ii) মনস্তাপ

6. ব্যাসবাক্য সহ রেখাঙ্কিত পদের সমাস নির্ণয় করো: (1×5=5)

A) গ্রামের সকলে সেই মহোৎসবে সামিল হল।

B) ছেলেটি সসম্মানে একাদশ শ্রেণিতে উত্তীর্ণ হল।

C) প্রতিটি মানুষই জীবনযুদ্ধের সৈনিক।

D) লেখাপড়া শিখলে কোনোদিন ভাতকাপড়ের অভাব হবে না।

E) ভারতের পার্বত্য অঞ্চলে বিভিন্ন উপজাতির মানুষ বাস করেন।

7. নির্দেশ অনুযায়ী প্রদত্ত বাক্যগুলির রূপান্তর করো : (1×5=5)

A) নিরুপমা লোকের উপর লোক পাঠিয়েও পিতার দেখা পায় না। (যৌগিক বাক্যে)

B) জীবন থাকিলে একদিন না একদিন এই ক্ষুদ্র ভৃত্য হইতে উপকার হইবে। (জটিল বাক্যে)

C) সে যে আসিতেছে না তাহা প্রথম দুই তিনদিন লক্ষ্য করি নাই। (সরল বাক্যে)

D) বৃদ্ধ পুত্রের মুখের দিকে তাকিয়ে সব বুঝতে পারল। (যৌগিক বাক্যে)

E) কারো কাজে লাগবে বলে জিনিসটি তুলে রেখেছি। (জটিল বাক্যে)

8. ‘তোমার দুটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না’ - কে, কখন একথা বলে? এই আচরণের কারণ কী বলে তোমার মনে হয়? (2+3=5)

9. ‘সংসারে একটা এই মহৎ পরিবর্তন দেখা গেল-’ কখন সংসারে মহৎ পরিবর্তন দেখা গেল? পরিবর্তনটি কী ছিল? (3+2=5)

Note:

You are supposed to complete the given questions within 1 hour 30 minutes.